

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কার্যালয়
৫নং কালাপুর ইউনিয়ন পরিষদ
ডাকঘর : নারাইনছড়া, উপজেলা : শ্রীমঙ্গল, জেলা : মৌলভীবাজার।
E-mail : union_kalapur@yahoo.com

সভার নাম : মাসিক সাধারণ সভা
সভাপতি : জনাব মো: আব্দুল মতলিব,
চেয়ারম্যান ৫নং কালাপুর ইউ,পি।
সভার তারিখ : ০৫/০১/২০২৩ খ্রি:
সভার স্থান : ইউ,পি জন মিলন কেন্দ্র।
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম পদবী ও স্বাক্ষর

ক্র:নং	নাম	পদবী	স্বাক্ষরিত
০১.	হোসনে আরা সুইটি	ইউপি মহিলা সদস্য	"
০২.	মোছা: সাহেরা বেগম	ইউপি মহিলা সদস্য	"
০৩.	মোছা: মিনা বেগম	ইউপি মহিলা সদস্য	"
০৪.	কদর আলী	ইউপি সদস্য	"
০৫.	আওলাদ মিয়া	ইউপি সদস্য	"
০৬.	মো: মনির আহমদ	ইউপি সদস্য	"
০৭.	লোকমান মিয়া	ইউপি সদস্য	"
০৮.	মো: ফজর আলী	ইউপি সদস্য	"
০৯.	মো: আব্দুল মতিন মিয়া	ইউপি সদস্য	"
১০.	মো: মনির মিয়া	ইউপি সদস্য	"
১১.	মো: নাসির উদ্দিন ভূইয়া	ইউপি সচিব	"

১ম প্রস্তাব: অদ্য ০৮/১২/২০২২খ্রি: তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ০২.০০ ঘটিকার সময় অত্র ইউপির কার্যালয়ে মাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জনাব মো: আব্দুল মতলিব সাহেব। সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতি অনুমোদনক্রমে গৃহীত হয়।

২য় প্রস্তাব: অদ্যকার সভার ২য় প্রস্তাবে সভাপতি মহোদয় জানান, আসন্ন ভৈরবগঞ্জ বাজার ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের জন্য নির্বাচন পরিচালনা কমিটি গঠন করা প্রয়োজন। অদ্যকার সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ নির্বাচন পরিচালনা কমিটি গঠন করা হয়।

নির্বাচন পরিচালনা কমিটি

ক্র:নং	নাম	পদবী	কমিটি পদবী
১.	মো: আব্দুল মতলিব	চেয়ারম্যান	কমিশনার
২.	মো: কদর আলী	ইউপি সদস্য	সদস্য
৩.	লোকমান মিয়া	ইউপি সদস্য	সদস্য
৪.	ফজর আলী	ইউপি সদস্য	সদস্য
৫.	মনির মিয়া	ইউপি সদস্য	সদস্য
৬.	মো: মনির আহমদ	ইউপি সদস্য	সদস্য
৭.	মো: আব্দুল মুকিদ	ইউপি সদস্য	সদস্য
৮.	মোছা: সাহেরা বেগম	ইউপি সদস্য	সদস্য
৯.	মো: জিলা মিয়া	ব্যবসায়ী	সদস্য

চলমান-০২

৩য় প্রস্তাব: অদ্যকার সভার ২য় প্রস্তাবে সভাপতি মহোদয় জানান, বর্তমানে অত্র ইউনিয়নের আইন শৃঙ্খলা পরিস্থিতি যথেষ্ট ভাল। সাম্প্রতিক সময়ে অত্র ইউপিতে আইন শৃঙ্খলা অবনতিজনিত কোন ঘটনা ঘটেনি। সভাপতি মহোদয় আইন শৃঙ্খলা রক্ষায় সংশ্লিষ্ট সবাইকে যার যার দায়িত্ব যথাযথভাবে পালন করতে অনুরোধ জানান। এছাড়া নিয়মিত ওয়ার্ড সভা করার জন্য সভাপতি মহোদয় সকল ইউপি সদস্যকে অনুরোধ জানান।

৪র্থ প্রস্তাব: অদ্যকার সভার ২য় প্রস্তাবে বলা হয়, অত্র কালাপুর ইউনিয়নে নতুন সচিব যোগদান করায় অত্র ইউনিয়নের অধীন বিভিন্ন ব্যাংক হিসাব সমূহের স্বাক্ষর পরিবর্তন করার আবশ্যিক। সভার সিদ্ধান্ত অনুযায়ী সোনালী ব্যাংক, ভৈরবগঞ্জ বাজার শাখায় অত্র কালাপুর ইউনিয়নের অধীন ব্যাংক হিসাব সমূহের হিসাবধারীর স্বাক্ষর পরিবর্তন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, ভৈরবগঞ্জ বাজার শাখা কে অনুরোধ জানানো হয়।

৫ম প্রস্তাব: অদ্যকার সভার ৩য় প্রস্তাবে অত্র ইউপি সচিব জানান, ইউপি কার্যালয়ের ০২টি কম্পিউটারসহ কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের কম্পিউটারগুলো জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এছাড়া কিছু ছাপা সংক্রান্ত কাজ ও করার দরকার রয়েছে বলে তিনি জানান। সভায় সচিব মহোদয় জানান, প্রতিটি কম্পিউটার এর মেরামতের জন্য প্রায় ২০,০০০/- হাজার টাকার মতো খরচ হতে পারে। অদ্যকার সভায় জরুরী ভিত্তিতে ০২টি কম্পিউটার মেরামত করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ছাপা খরচের জন্য সভায় অনুমোদন দেওয়া হয়।


৬ষ্ঠ প্রস্তাব: অদ্যকার সভার ৫ম প্রস্তাবে সভাপতি মহোদয় জানান, বিজয় দিবস-২০২২ আসন্ন। অদ্যকার সভায় বিজয় দিবস-২০২২, যথাযোগ্য মর্যাদায় পালন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

৭ম প্রস্তাব: অদ্যকার সভার ৬ষ্ঠ প্রস্তাবে সভাপতি মহোদয় জানান, উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল এর কার্যালয় হতে শীত বস্ত্র পাওয়া গিয়াছে। অদ্যকার সভায় গরীব-অসহায় শীতার্থ মানুষের মধ্যে উক্ত শীতবস্ত্র সমূহ বিতরণ করে বিতরণের মাষ্টাররোল উপজেলা নির্বাহী অফিসার, মহোদয়ের কার্যালয়ে জমাদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৮ম প্রস্তাব: অদ্যকার সভার ৮ম প্রস্তাবে সভাপতি মহোদয় জানান, ভিজিডি ২০২৩-২০২৪ইং প্রক্রিয়ার জন্য চূড়ান্ত ও অপেক্ষমাণ তালিকা চূড়ান্ত করা হয়েছে। অদ্যকার সভার সকল সদস্যের অনুমোদনক্রমে উক্ত তালিকা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর সভায় অন্যকোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত)



মো: আব্দুল মতলিব

চেয়ারম্যান

নেং কালাপুর ইউনিয়ন পরিষদ

শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

মোঃ আব্দুল মতলিব

চেয়ারম্যান

নেং কালাপুর ইউনিয়ন পরিষদ

শ্রীমঙ্গল, মৌলভীবাজার।